ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৯৩

আমবাসা, ২৩ এপ্রিল, ২০২৫

**ধলাই কেভিকে-তে কৃষি সখি/সিআরপি-দের প্রশিক্ষণ কর্মসূচি**

ধলাই কৃষি বিজ্ঞান কেন্দ্রে কৃষি সখি/কমিউনিটি রিসোর্স পার্সনদের নিয়ে গতকাল থেকে ৫ দিনের প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়েছে। যা চলবে আগামী ২৬ এপ্রিল পর্যন্ত। বিধায়ক স্বপ্না দাস পাল এ প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন। এই প্রশিক্ষণ কর্মসূচির উদ্দেশ্য হল গ্রামীণ স্তরের রিসোর্স পার্সনদের টেকসই প্রাকৃতিক চাষাবাদ বিষয়ে ব্যবহারিক জ্ঞান ও দক্ষতা প্রদান করা। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক কৃষি সখিদের দক্ষতা উন্নয়নে এবং মহিলা কৃষকদের জীবিকা উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন সালেমা পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান ননী গোপাল কর, ধলাই কৃষি বিজ্ঞান কেন্দ্রের সিনিয়র সায়েন্টিস্ট অভিজিৎ দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিঙ্গিনালা গ্রামপঞ্চায়েতের উপপ্রধান সুনিল রঞ্জন দাস। রাজ্য কৃষি গবেষণা কেন্দ্রের যুগ্ম অধিকর্তা ড. উত্তম সাহা, টি আর এল এম -এর ডিস্ট্রিক্ট মিশন কো-অর্ডিনেটর তপন মিত্র চাকমা প্রমুখ। ধলাই কৃষি বিজ্ঞান কেন্দ্র থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******